**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 21.04.25** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **Compiling : S. Basu**

**DEO : KB** **NR : SB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১) সংশোধিত ওয়াকফ আইনের প্রতিবাদে মুর্শিদাবাদে হিংসার ঘটনায় আদালতের নজরদারিতে 'সিট' গঠন করে তদন্তের আবেদনের ওপর আজ সুপ্রিম কোর্টে শুনানি।
# মালদার শিবির থেকে বাড়ি ফিরে গেছেন মুর্শিদাবাদে সংঘর্ষে ক্ষতিগ্রস্তরা।

২) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ শালবনীতে ৮০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন দুটি তাপবিদ্যুৎ কেন্দ্রের শিলান্যাস করবেন।

৩/ স্কুল সার্ভিস কমিশন, যোগ্য ও অযোগ্য শিক্ষকদের তালিকা আজ প্রকাশ করতে পারে।

৪/ মেডিক্লেম নিয়ে সাধারণ মানুষের নানা অভিযোগের প্রেক্ষিতে বিমা সংস্থাগুলির সঙ্গে আজ বৈঠকে বসছে স্বাস্থ্য কমিশন।

৫/ IPL ক্রিকেটের ম্যাচে কলকাতার ইডেন গার্ডেন্সে, কলকাতা নাইট রাইডার্স আজ গুজরাট টাইটান্সের মুখোমুখি হবে।

৬/ ইস্টবেঙ্গল, সুপার কাপ ফুটবল থেকে বিদায় নিয়েছে।

*****************************************************************

সংশোধিত ওয়াকফ আইনের প্রতিবাদে মুর্শিদাবাদে হিংসার ঘটনায় সুপ্রিম কোর্টে দায়ের হওয়া মামলা, আজ শুনবে শীর্ষ আদালতের দুই বিচারপতি সুর্যকান্ত এবং বিচারপতি NK সিংহের বেঞ্চ।

মুর্শিদাবাদে যে হিংসার ঘটনা ঘটেছে তাতে 'সিট' গঠন করে আদালতের তত্ত্বাবধানে তদন্ত চেয়ে সুপ্রিম কোর্টে মামলা করেছিলেন আইনজীবী শশাঙ্ক শেখর ঝা। তদন্তের পাশাপাশি, সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি যাতে সুরক্ষিত হয়, সেই মর্মে শীর্ষ আদালতকে নির্দেশ দিতেও আর্জি জানানো হয়েছে।

**********************

মালদার শিবির থেকে নিজ নিজ বাড়ি ফিরেছেন শরণার্থীরা। গতকাল মালদা ও জঙ্গিপুর পুলিশের যৌথ উদ্যোগে এসকর্ট করে ঘরছাড়াদের বাড়ি ফেরানো হয়। প্রশাসন সূত্রে খবর, গতকাল বাড়ি ফিরেছেন ২৩৬ জন ।

উল্লেখ্য, মুর্শিদাবাদের অশান্তির জেরে গঙ্গা পার হয়ে মালদহের বৈষ্ণবনগর বিধানসভা কেন্দ্রের পারলালপুর হাইস্কুলে আশ্রয় নিয়েছিল ধুলিয়ান, সামশেরগঞ্জ সহ একাধিক এলাকার ৩৪৫ জন গ্রামবাসী। তাদের মধ্যে বেশ কয়েকজন আগেই ঘর ফিরেছিলেন। গতকাল বাড়ি ফেরেন ২৩৬ জন। তাদের ধুলিয়ান ঘাটে স্বাগত জানান, তৃণমূল কংগ্রেসের সাংসদ খলিলুর রহমান, বিধায়ক মনিরুল ইসলাম সহ অন্যান্য জনপ্রতিনিধিরা।

এদিকে বিজেপির রাজ্য সভাপতি ড: সুকান্ত মজুমদার আজ ক্ষতিগ্রস্ত গ্রামগুলি পরিদর্শনে যাবেন। নিহত হরগোবিন্দ দাস ও চন্দন দাসের বাড়ি'ও যাবেন তিনি। মুর্শিদাবাদ থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভয়েস কাস্ট- মামুন )

এদিকে, মুর্শিদাবাদে হিংসা কবলিত এলাকার মহিলারা অসহনীয় কষ্টের মধ্যে রয়েছেন, বলে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকার জানিয়েছেন। মুর্শিদাবাদের হিংসাদীর্ণ বিভিন্ন এলাকা ও মালদার আশ্রয় শিবির পরিদর্শনের পর

গতকাল কলকাতায় তিনি বলেন, পরিস্থিতি অত্যন্ত খারাপ। রাজ্য সরকারের উচিত দ্রুত পদক্ষেপ গ্রহণ করে মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করা।

( বাইট- বিজয়া )

**********************

সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে অশান্তির জেরে মুর্শিদাবাদের ধুলিয়ান ও শামসেরগঞ্জে যেসব বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, রাজ্য সরকার জেলা প্রশাসনের কাছে তার বিস্তারিত তালিকা চেয়ে পাঠিয়েছে। কোথায় কত বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, বাড়ির মালিকের নাম, ঠিকানা সহ বিস্তারিত রিপোর্ট দ্রুত জমা দেওয়ার জন্য মুখ্যসচিব মনোজ পন্থ, জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য অভিযোগ করেছেন, মহিলা কমিশন বিভাজনের রাজনীতিতে যুক্ত হয়ে পড়েছে। গতকাল দলীয় সভায় যোগ দিয়ে চন্দ্রিমা বলেন, হিংসা কবলিত মণিপুর নিয়ে মহিলা কমিশন কোন কথা বলেনি।

**********************

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দুই দিনের সফরে পশ্চিম মেদিনীপুর জেলায় যাচ্ছেন।

আজ কলকাতা থেকে রওনা হয়ে তিনি প্রথমে শালবনীতে পৌঁছে দুপুর দেড়টায় সেখানে জিন্দাল শিল্প গোষ্ঠীর প্রস্তাবিত ৮০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন দুটি তাপবিদ্যুৎ কেন্দ্রের শিলান্যাস করবেন। এই প্রকল্পে জিন্দাল গোষ্ঠী ১৬ হাজার কোটি টাকা বিনিয়োগ করবে বলে আগেই জানিয়েছিল। এই অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী সার্কিট হাউসে রাত্রিবাস করবেন।

আগামীকাল তিনি মেদিনীপুর কলেজ মাঠে এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে গোয়ালতোড়ে একটি সৌরবিদ্যুৎ কেন্দ্রের শিলান্যাস ও বেশ কিছু সামাজিক সুরক্ষা প্রকল্পের সূচনা করবেন। ওই দিনই তাঁর কলকাতায় ফেরার কথা।

**********************

রাজ্যে নিয়োগের নামে ব্যপক দুর্নীতি হয়েছে বলে CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন। গতকাল কয়েকটি বাম সংগঠনের ডাকা ব্রিগেড সমাবেশে ভাষণে সেলিম বলেন, প্রায় ২৬ হাজার জনের চাকরি বাতিল, দুর্নীতি চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিয়েছে। কর্মসংস্থান নিয়েও রাজ্য সরকারের সমালোচনা করেন তিনি।

( বাইট- সেলিম )

**********************

যোগ্য ও অযোগ্য শিক্ষকদের তালিকা আজ প্রকাশ করতে পারে স্কুল সার্ভিস কমিশন। এই তালিকা ছাড়াও OMR শিটের মিরর ইমেজ প্রকাশ করার দাবিতে আন্দোলনে নেমেছেন সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা। চাকরিহারাদের সঙ্গে বৈঠকে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছিলেন, আইনি পরামর্শ নিয়ে এই তালিকা প্রকাশ করতে পারে স্কুল সার্ভিস কমিশন।

SSC সূত্রে খবর, ২০১৬-য় প্রায় ২২ লক্ষ চাকরিপ্রার্থী পরীক্ষায় বসেছিলেন।

**********************

এদিকে, যোগ্য ও অযোগ্যদের তালিকা এবং OMR শিটের মিরর ইমেজ প্রকাশ করার দাবিতে আজ SSC ভবন অভিযান করবেন চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীদের একাংশ।

যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের তরফে মেহবুব মণ্ডল জানিয়েছেন, করুণাময়ী বাসস্ট্যান্ড থেকে মিছিল করে তাঁরা আচার্য সদনে যাবেন। SSC যদি তালিকা প্রকাশ না করে, তাহলে তাঁরা সেখানেই ধর্নায় বসবেন। চাকরিহারা শিক্ষকদের আরেকটি সংগঠনের তরফে সুমন বিশ্বাস জানিয়েছেন, তাঁরাও করুণাময়ী থেকে মিছিল করে SSC ভবনের সামনে অবস্থানে বসবেন।

**********************

মেডিক্লেম নিয়ে সাধারণ মানুষের নানা অভিযোগের প্রেক্ষিতে রাজ্য স্বাস্থ্য কমিশন আজ বৈঠকে বসতে চলেছে। কলকাতার আলিপুরে ধনধান্য অডিটোরিয়ামে এই বৈঠকে

উপস্থিত থাকার জন্য চারটি সরকারী বীমা সংস্থা সহ বিভিন্ন অ-সরকারী বীমা সংস্থার প্রতিনিধিদের নির্দেশ দেওয়া হয়েছে।
স্বাস্থ্য কমিশনের চেয়ারম্যান ও প্রাক্তন বিচারপতি অসীমকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন, স্বাস্থ্য বীমার প্রিমিয়াম নিয়ে সাধারণ মানুষের বহু অভিযোগ রয়েছে।

**********************

কলকাতার জোড়াবাগান থানার পাথুরিয়াঘাট স্ট্রিটে একটি চারতলা বাড়িতে গতরাতে ভয়াবহ অগ্নিকান্ডে দুজনের মৃত্যু হয়েছে। দমকলের ১০ টি ইঞ্জিন ঘটনাস্থলে রয়েছে। আগুন নেভানোর কাজ চলছে।

**********************

নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের প্রভাবে, বিক্ষিপ্ত বৃষ্টিতে তাপমাত্রা কিছুটা কমলেও, ঘর্মাক্ত গরম থেকে এখনই রেহাই মিলছে না। আগামী কয়েকদিন দিনের তাপমাত্রা, বেশ কয়েক ডিগ্রি বাড়বে বলে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

( বাইট- সৌরিশ )

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে যা প্রায় এক ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

**********************

ইডেন গার্ডেন্সে আজ IPL ক্রিকেট ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, গুজরাট টাইটানস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

**********************

কলকাতার ইডেনে IPL দেখে ফেরার সুবিধায় মেট্রো রেল বিশেষ ট্রেন চালাবে।

রাত বারোটায় এস্প্ল্যানেড থেকে দক্ষিণেশ্বর এবং কবি সুভাষের দিকে দুটি বিশেষ ট্রেন চালানো হবে। পাশাপাশি একই সময় হাওড়া ময়দানের উদ্দেশে আরও একটি ট্রেন

চলবে। তবে, এই পরিষেবা পাওয়ার জন্য যাত্রীদের টিকিট পিছু ১০ টাকা করে অতিরিক্ত মূল্য দিতে হবে বলে মেট্রো রেলের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

**********************

গতবারের বিজয়ী ইস্টবেঙ্গল, সুপার কাপ ফুটবল থেকে বিদায় নিয়েছে। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে গতকাল রাউন্ড 16-এর ম্যাচে কেরালা ব্লাস্টার্স ২-০ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দেয়।

কেরালা ব্লাস্টার্স, শনিবার কোয়ার্টার ফাইনালে মোহনবাগানের বিরুদ্ধে খেলবে।

****************************************************************